

স্মারক নম্বরঃ ০৫.৪৩.৬৯০০.০০১.১৬.০৪৪.২৩. ৪৬

তারিখঃ ১৬ নভেম্বর ২০২৩ খ্রি.


বিষয়ঃ নাটোর জেলার সকল এলাকার নির্বাচনী প্রচারণার জন্য বিভিন্ন স্থানে লাগানো পোস্টার, লিফলেট, স্টিকার, ব্যানার, দেয়াললিখন ও বিলবোর্ড ইত্যাদি অপসারণ প্রসঙ্গে।

সূত্রঃ নিকস এর পত্র নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩.৭২৭, তারিখঃ ১৬ নভেম্বর ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৫ নভেম্বর ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৯.২৩-৭২২ নং প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়সূচি ঘোষণা করেছেন এবং আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। জাতীয় সংসদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০০৮ এর বিধি ১২ অনুসারে প্রচারণার সময়- কোন প্রার্থী বা রাজনৈতিক দল কিংবা উহার মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাহাদের পক্ষে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিনের ০৩ (তিন) সপ্তাহ সময়ের পূর্বে কোন প্রকার নির্বাচনী প্রচার শুরু করিতে পারিবেন না। অর্থাৎ প্রতীক বরাদ্দের পূর্বে প্রচারণা চালানো যাইবে না।

এমতাবস্থায়, নাটোর জেলার সকল নির্বাচনী এলাকার বিভিন্ন স্থানে লাগানো পোস্টার, লিফলেট, স্টিকার, ব্যানার, দেয়াল লিখন ও বিলবোর্ড ইত্যাদি অনতিবিলম্বে অপসারণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।


(আবু নাহের জুঞ্জা)
জেলা প্রশাসক, নাটোর

ও

রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন-০২৫৮৮৮৭৩৭৪১
dcnatare@mopa.gov.bd


১. পৌর নির্বাহী কর্মকর্তা-----পৌরসভা (সংশ্লিষ্ট), নাটোর।
২. সচিব-----পৌরসভা (সংশ্লিষ্ট), নাটোর।
৩. সচিব-----ইউনিয়ন পরিষদ(সকল), নাটোর।

স্মারক নম্বরঃ ০৫.৪৩.৬৯০০.০০১.১৬.০৪৪.২৩. ৪৬

তারিখঃ ১৬ নভেম্বর ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৪। পুলিশ সুপার, নাটোর (উপর্যুক্ত প্রচারণা সামগ্রীসমূহ যথাযথভাবে অপসারণের লক্ষে পৌরসভা, বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সংখ্যক ফোর্স সরবরাহপূর্বক সহায়তা প্রদানের অনুরোধ করা হলো)।
- ৫। জেলা নির্বাচন অফিসার, নাটোর।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার----- (সকল), নাটোর(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অত্র কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। জেলা তথ্য অফিসার, নাটোর (প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা ব্যাপক প্রচারের অনুরোধ করা হলো)।
- ৮। উপজেলা নির্বাচন অফিসার----- (সকল), নাটোর।
- ৯। অফিসার-ইন-চার্জ----- (সকল), নাটোর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অত্র কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ১০। নোটিশ বোর্ড।


জেলা প্রশাসক, নাটোর

ও

রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন